



স্মারক নম্বর: ৪২.০০.০০০০.০৩১.৯৯.১৬২.১৭.২৯

তারিখ: ১ বৈশাখ ১৪২৭

১৪ এপ্রিল ২০২০

বিষয়: বাংলাদেশ পানি উন্নয়ন বোর্ডের জরুরী মেরামত ও রক্ষণাবেক্ষন কাজ চলমান রাখার স্বার্থে
প্রয়োজনীয় উপকরণাদি পরিবহন ও জরুরী দায়িত্বে নিয়োজিত পরিচয়পত্রধারী নির্দিষ্ট
কর্মকর্তা/কর্মচারীদের নিজে নিজে অধিক্ষেত্রাধীন এলাকায় চলাচলের অনুমতি প্রদান সংক্রান্ত।

উপর্যুক্ত বিষয়ের পরিপ্রেক্ষিতে নির্দেশক্রমে জানানো যাচ্ছে যে, বৈশ্বিক করোনা ভাইরাস (কোভিড-১৯) মোকাবেলা এবং এর বিস্তার রোধকল্পে জনস্বার্থে বাংলাদেশ সরকার দেশব্যাপী সাধারণ ছুটি ঘোষণাসহ এক এলাকা হতে অন্য এলাকায় চলাচল কঠোরভাবে সীমিত করেছে। ঘোষণামতে এ অবস্থা আরও কিছুদিন অব্যাহত থাকবে।

২। নদী ভাঙ্গনরোধ, নদী/খাল খনন, হাওর এলাকার বীধ নির্মাণ, সেচ সুবিধাসহ সরকার কর্তৃক নির্ধারিত অন্যান্য গুরুত্বপূর্ণ দায়িত্ব পানি সম্পদ মন্ত্রণালয়ের আওতাধীন বাংলাদেশ পানি উন্নয়ন বোর্ড পালন করে। বিশেষ করে বর্ষাকালে বন্যা, নদীভাঙ্গন জলোচ্ছ্বাস ও ঘূর্ণিঝড়ে ক্ষতিগ্রস্ত হতে পারে এমন অবকাঠামোর মেরামত ও রক্ষণাবেক্ষনসহ প্রয়োজনীয় কার্যক্রম অগ্রাধিকার ভিত্তিতে সম্পাদন করতে হয়।

৩। বর্ষাকাল আসন্নপ্রায়। এ অবস্থায় বাংলাদেশ পানি উন্নয়ন বোর্ডের চলমান জরুরী মেরামত ও রক্ষণাবেক্ষনকাজসহ প্রায় শেষ হওয়া প্রকল্পগুলির শেষ করা না গেলে বন্যা/বন্যা পরবর্তী পরিস্থিতির উপর বিরূপ প্রভাব ফেলবে। জন্য প্রয়োজনীয় উপকরণ যথাঃজিও-ব্যাগ, সিসি ব্লক তৈরীর উপকরণ (পাথর, স্টোন চিপস, বালু, ফর্মা) প্রভৃতি পরিবহন এবং চলমান কাজের পরিবীক্ষণ-পর্যবেক্ষণের জরুরী দায়িত্বে নিয়োজিত পরিচয়পত্রধারী নির্দিষ্ট কর্মকর্তা/কর্মচারীদের (সরকার ঘোষিত স্বাস্থ্যবিধিসহ প্রচলিত শর্তাদি পালন সাপেক্ষে) জরুরী দায়িত্ব পালনে নিজে নিজে অধিক্ষেত্রাধীন এলাকায় চলাচলের অনুমতি প্রদানের জন্য নির্দেশক্রমে অনুরোধ করা হলো।

১৪-৪-২০২০

মোহাম্মদ মোব্বাশেরুল ইসলাম
সিনিয়র সহকারী সচিব

সিনিয়র সচিব
জননিরাপত্তা বিভাগ

স্মারক নম্বর: ৪২.০০.০০০০.০৩১.৯৯.১৬২.১৭.২৯/১

তারিখ: ১ বৈশাখ ১৪২৭

১৪ এপ্রিল ২০২০

সদ্য অবগতি ও কার্যার্থে প্রেরণ করা হল:

- ১) মন্ত্রিপরিষদ সচিব, মন্ত্রিপরিষদ বিভাগ
- ২) মুখ্য সচিব, প্রধানমন্ত্রীর কার্যালয়
- ৩) সচিব, জনপ্রশাসন মন্ত্রণালয়
- ৪) সচিব, প্রধানমন্ত্রীর কার্যালয়
- ৫) ইম্পেস্টর জেনারেল, পুলিশ হেডকোয়ার্টার্স
- ৬) সচিব, সচিবের দপ্তর, কৃষি মন্ত্রণালয়
- ৭) সচিব, স্বাস্থ্য সেবা বিভাগ
- ৮) সিনিয়র সচিব, দুর্যোগ ব্যবস্থাপনা ও ত্রাণ মন্ত্রণালয়
- ৯) সচিব, প্রতিরক্ষা মন্ত্রণালয়
- ১০) প্রিন্সিপাল স্টাফ অফিসার, সশস্ত্র বাহিনী বিভাগ, ঢাকা
- ১১) মহাপরিচালক, মহাপরিচালক-এর দপ্তর, বাংলাদেশ পানি উন্নয়ন বোর্ড
- ১২) অতিরিক্ত মহাপরিচালক, পূর্ব রিজিয়ন, বাংলাদেশ পানি উন্নয়ন বোর্ড
- ১৩) অতিরিক্ত মহাপরিচালক, পশ্চিম রিজিয়ন, বাংলাদেশ পানি উন্নয়ন বোর্ড
- ১৪) অতিরিক্ত মহাপরিচালক, পরিকল্পনা, বাংলাদেশ পানি উন্নয়ন বোর্ড
- ১৫) চীফ মনিটরিং, চীফ মনিটরিং এর দপ্তর, বাংলাদেশ পানি উন্নয়ন বোর্ড
- ১৬) বিভাগীয় কমিশনার (সকল)
- ১৭) জেলা প্রশাসক,
চট্টগ্রাম/জামালপুর/মানিকগঞ্জ/কুমিল্লা/রংপুর/সিলেট/ঝিনাইদহ/যশোর/টাঙ্গুড়া/রাজবাড়ী/বগুড়া/সিরাজগঞ্জ/সুনামগঞ্জ/দিনাজপুর/মুন্সিগঞ্জ/নারায়ণগঞ্জ/খুলনা/সাতক্ষীরা/ঢাকা/লালমনিরহাট/ব্রাহ্মণবাড়িয়া/ভোলা/ঝালকাঠি/নাটোর/রাং
পার্বত্য জেলা/নড়াইল/মেহেরপুর/চুয়াডাঙ্গা/ফেনী/লক্ষ্মীপুর/পিরোজপুর/হবিগঞ্জ/বরগুনা/খাগড়াছড়ি/বরিশাল/নরসিংদী
- ১৮) ডিআইজি (রুটিন দায়িত্ব), ডিআইজি (এ্যাডমিনিস্ট্রেশন অ্যান্ড ডিসিপ্লিন), পুলিশ হেডকোয়ার্টার্স
- ১৯) অতিরিক্ত সচিব, উন্নয়ন উইং, পানি সম্পদ মন্ত্রণালয়
- ২০) অতিরিক্ত সচিব, প্রশাসন, পানি সম্পদ মন্ত্রণালয়
- ২১) যুগ্মসচিব, প্রশাসন উইং, পানি সম্পদ মন্ত্রণালয়
- ২২) পুলিশ সুপার, সকল
- ২৩) প্রধান প্রকৌশলী, সকল
- ২৪) একান্ত সচিব, সচিবের দপ্তর, পানি সম্পদ মন্ত্রণালয়
- ২৫) নির্বাহী প্রকৌশলী, সকল
- ২৬) প্রোগ্রামার, আইসিটি শাখা, পানি সম্পদ মন্ত্রণালয়
- ২৭) ব্যক্তিগত কর্মকর্তা, সচিবের দপ্তর, পানি সম্পদ মন্ত্রণালয়

১৪-৪-২০২০

মোহাম্মদ মোব্বাশেরুল ইসলাম
সিনিয়র সহকারী সচিব